

বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানের নবেম্বর মাসের বেতনের চেক হস্তান্তর

বেসরকারী শিক্ষাপ্রতিষ্ঠানের (স্কুল, কলেজ ও মাদ্রাসা) এবং কারিগরি বেসরকারী এসএসসি (ভোকেশনাল) ও এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষক-কর্মচারীদের নবেম্বর মাসের বেতন-ভাতার সরকারী অংশের চেক জনতা, অগ্রণী, রূপালী, সোনালী ব্যাংক প্রধান কার্যালয়ে হস্তান্তর করা হয়েছে। আগামী ২ ডিসেম্বর তারিখের মধ্যে সংশ্লিষ্ট শাখা ব্যাংক হতে শিক্ষক-কর্মচারীদের ব্যক্তিগত ব্যাংক অ্যাকাউন্ট নম্বরের মাধ্যমে বেতন-ভাতার সরকারী অংশ উত্তোলন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষাপ্রতিষ্ঠানপ্রধানকে অনুরোধ করা হয়েছে।

যে সকল শিক্ষাপ্রতিষ্ঠান বা শিক্ষক-কর্মচারী চলতি অর্থবছরের বকেয়া টাকা নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলন করতে পারেননি, তারাও ব্যক্তিগত ব্যাংক অ্যাকাউন্টের মাধ্যমে এই সময়ের টাকা এর সঙ্গে উত্তোলন করতে পারবেন।

এবতেদায়ী মাদ্রাসা

এ ছাড়া দেশের সরকারী অনুদানভুক্ত স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসাসমূহের শিক্ষক-শিক্ষিকাদের অক্টোবর ও নবেম্বর মাসের বেতন বাবদ দেয় অনুদানের টাকার চেক এবং এমপিও সংশ্লিষ্ট ব্যাংকগুলোতে প্রেরণ করা হয়েছে। সরকারী অনুদানভুক্ত সকল স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার প্রধানগণ টাকা বন্টনকারী সংশ্লিষ্ট ব্যাংকের সঙ্গে যোগাযোগ করে ২ ডিসেম্বরের মধ্যে টাকা উত্তোলন করতে পারবেন।

যে সকল স্বতন্ত্র এবতেদায়ী মাদ্রাসার শিক্ষক-শিক্ষিকাগণ সঙ্গত কারণে বর্তমান অর্থবছরের জুলাই থেকে সেপ্টেম্বর পর্যন্ত সময়ের টাকা নির্ধারিত সময়সীমার মধ্যে উত্তোলন করতে পারেননি তারাও এই সময়ের টাকা এর সঙ্গে তুলতে পারবেন। -তথ্য বিবরণী।